# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 06 April, 2025

মিয়ানমারে সাম্প্রতিক ভূমিকম্পে আহতদের সহায়তায় কাজ করছে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর নেতৃত্বে গঠিত একটি বিশেষ উদ্ধার ও চিকিৎসা সহায়তাকারী দল।এ পর্যন্ত ৪৫৭ জন আহতকে চিকিৎসা এবং ১৫টি জটিল অস্ত্রোপচার সম্পন্ন করা হয়েছে।রোববার (৬ এপ্রিল) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আজ (রোববার) নেপিডো শহরের যবুথিরি টাউনশিপ হাসপাতাল (৫০ শয্যা), ১০০ শয্যার একটি হাসপাতাল এবং ১০০০ শয্যার জেনারেল হাসপাতাল—এই তিনটি হাসপাতালে বাংলাদেশি চিকিৎসা দল ৫০ জন রোগীকে চিকিৎসাসেবা দিয়েছে এবং তিনটি জটিল অস্ত্রোপচার সম্পন্ন করেছে। চলবে আরও একদিন আইএসপিআর জানায়, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত এই উদ্ধার ও চিকিৎসা কার্যক্রম আগামীকালও চলমান থাকবে।

এর আগে গতকাল (শনিবার) মিয়ানমারের উপপ্রধানমন্ত্রী বাংলাদেশের উদ্ধারকারী দলকে ধসে পড়া মিয়ানমার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভবনে উদ্ধার অভিযান পরিচালনার অনুরোধ জানান।এর প্রেক্ষিতে বাংলাদেশের দলটি আজ সেখানে অভিযান চালায় এবং গুরুত্বপূর্ণ নথি ও প্রয়োজনীয় সামগ্রী উদ্ধার করে।

১ এপ্রিল থেকে তৎপর বাংলাদেশি দল মিয়ানমারে ১ এপ্রিলের ভূমিকম্পের পরই বাংলাদেশ সশস্ত্র বাহিনীর তত্ত্বাবধানে একটি বিশেষ উদ্ধার ও চিকিৎসা সহায়তা দল নেপিডো শহরে পাঠানো হয়।দলটি দুর্গত এলাকায় উদ্ধার, চিকিৎসা ও মানবিক সহায়তা কার্যক্রমে অংশ নিচ্ছে।

ভূমিকম্প মিয়ানমার হাসপাতাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 14:38

URL: https://timestodaybd.com/bangladesh/828509403